সমকাল
তারিখ 27 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

# এবার নন-এমপিও শিক্ষকদের অবস্থান কর্মসূচি

■ সমকাল প্রতিবেদক

বেতনবৈষম্য নিরসনের দাবিতে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের অনশন কর্মসূচি স্থগিতের পর এবার এমপিওভুক্তির দাবিতে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি শুরু করেছেন নন-এমপিও শিক্ষক-কর্মচারীরা। গতকাল মঙ্গলবার সকাল ৮টা থেকে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফাউন্ডেশনের ব্যানারে এ কর্মসূচি পালন করেন তারা। দাবি আদায় না হলে সামনে আমরণ অনশনসহ আরও কঠোর কর্মসূচি আসতে পারে বলে ইঙ্গিত দিয়েছেন শিক্ষক নেতারা।

ফাউন্ডেশনের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যক্ষ গোলাম মাহমুদুন্নবী ডলার বলেন, দেশের ৯৮ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠান বেসরকারি ব্যবস্থাপন-ানির্ভর। এর মধ্যে নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও কারিগরি মাদ্রাসা রয়েছে। বিভিন্ন স্তরে পাঁচ-ছয় হাজারের বেশি স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির অপেক্ষায় আছে, যা এই স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের এক-চতুর্থাংশ। এসব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত ৮০ হাজারের বেশি শিক্ষক-কর্মচারী ২০ লাখেরও বেশি শিক্ষার্থীকে পাঠদানের কাজে নিয়োজিত রয়েছেন। কিন্তু ১০-১৫ বছর ধরে তারা বিনা বেতনে মানবেতর জীবনযাপন ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৮



সহকারী শিক্ষকদের পর এবার এমপিওভুক্তির দাবিতে মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন নন-এমপিও শিক্ষক ও কর্মচারীরা ■ সমকাল

## এবার নন-এমপিও

[প্রথম পৃষ্ঠার পর]

করছেন। তাই শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্পন্ন শিক্ষাদান কার্যক্রম চালানো অসম্ভব হয়ে পড়েছে। অবিলম্বে স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা না হলে এসব প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।

এ সময় ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ ড. বিনয় ভূষণ রায় এমপিওভুক্তির ঘোষণা না আসা পর্যন্ত লাগাতার অবস্থান কর্মসূচি পালন করা হবে বলে জানান। তিনি সারাদেশের নন-এমপিও শিক্ষক-কর্মচারীদের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে ঢাকায় আসার আহ্বান জানান।

জানা গেছে, এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের মতো নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান একই নিয়মে পরিচালিত হয়। একই কারিকুলাম, সিলেবাস ও প্রশ্নপদ্ধতি অনুসরণ করা হয়। শিক্ষার্থীরা বোর্ড থেকে একই মানের সার্টিফিকেট অর্জন করে। যে কারণে স্বীকৃতির সময় থেকে তাদের বেতন পাওয়ার কথা। অথচ এখানকার শিক্ষকদের কোনো বেতন নেই। কবে বেতন হবে তাও তাদের জানা নেই। অন্যদিকে দেশে বিভিন্ন পর্যায়ে ২১ লাখ চাকরিজীবীর বেতন বেড়েছে। প্রতি গ্রেডে বেতন বেড়ে প্রায় দ্বিগুণ হয়েছে। এ পরিপ্রেক্ষিতে এসব নন-এমপিও শিক্ষক-কর্মচারীর দুঃখ-বঞ্চনাও বেড়েছে।

গতকাল অবস্থান কর্মসূচিতে অন্যদের মধ্যে বক্তব্য দেন ফাউন্ডেশনের যুগ্ম সম্পাদক মো. শফিকুল ইসলাম, দপ্তর সম্পাদক অধ্যক্ষ মো. দবিরুল ইসলাম, মুক্তিযোদ্ধা আকরাম খাঁন প্রমুখ।